

দুঃসাহস

মেঘ সরে গেলে রাস্তার ওপর হেঁটে যাবো আমি
এখন অন্ধকার, পাদুটোর সদগতি হবে না, ভয়ে আছি
কুকড়ে আছি কখন ফুটবে আলো ঝকঝকে হাসি?

ঐ পিচরাস্তাটা থেমেছে যেখানে সেখানে তোমার বাড়ি
জানলা বেশ বড় হলেও তুমি কেমন ছোট ঘুলঘুলি,
বাতাস ঢোকে না অল্প আলোয় বসে থাকো ছিঃ

কাল বন্ধুরা বলছিল - তুমি একটা নাকি চডুইপাখি
বার বার বাসা বদলাও ছটফটে তোমার ডানা দুটো
আমি বলেছি - ধেং! আস্ত মেয়ে পাখি কখনো কি হয়!

এখন মেঘ সরলেও বৃষ্টি পড়ছে এই সন্ধ্যাবেলা
ঝড়ও বইছে, হাঁ, ঠিক লোডশেডিং। তবু আমি
যাচ্ছি অন্ধকার বৃষ্টি মেঘে, বৃষ্টিমেখে একমুঠো আলোয়
শেষবার। তন্মাসে ঐ পিচরাস্তা পিছল জেনেও আজ
কে আমায় আটকাবে?

সুনীতি াতাইত